

বলে, দাও জল, দাও জল ।
দেব আমি কে দিয়েছে হেন সম্বল ।
কালো মেঘ-পানে চেয়ে
এল ধেয়ে
চাতক বিহ্বল—
বলে, দাও জল ।
ভূমিতলে হারা
উৎসের ধারা
অন্ধকারে
কারাগারে ।
কার সুগভীর বাণী
দিল হানি
কালো শিলাতল—
বলে দাও জল ॥

Parjaay: Chandalika, Taal: Dadra, Raag: Behag
Visit www.geetabitan.com for notation and other detail